দৈনিক খবর ৩৮

তারিখ ... ২৬.৯.৯১ ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

# ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে প্রভোস্ট-শিক্ষকদের সাথে উপাচার্যের বৈঠক

।। স্টাফ রিপোর্টার ।।

গত শনিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল আবাসিক হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক, প্রক্টর ও সহকারী প্রক্টরদের এক সভা উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে।

আগামী ১৭ই সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় খোলার প্রাক্কালে এবং পরবর্তীকালে বিশ্ববিদ্যালয়ে যাতে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখা যায় তা নিশ্চিত করার জন্য হল পর্যায়ে কি ধরনের প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে সে সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সকলে একমত হন যে, বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সন্ত্রাসের চরিত্র মূলতঃ রাজনৈতিক এবং বহুলাংশেই তা বহিরারোপিত। যে ধরনের সশস্ত্র সন্ত্রাসের ফলে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে যায় তা নির্মূল করা বা সম্পূর্ণভাবে প্রতিরোধ করা বিশ্ববিদ্যালয়ের একার পক্ষে সম্ভব নয়। প্রকৃতপক্ষে শিক্ষাঙ্গনে সন্ত্রাস দমনের পূর্ব শর্ত হচ্ছে রাজনৈতিক সমঝোতা। কিন্তু তবুও হাজার হাজার ছাত্র-ছাত্রীর শিক্ষা জীবন যাতে বিপর্যস্ত না হতে পারে সেজন্য বিশ্ববিদ্যালয় পর্যায়ে বিশেষ করে হল পর্যায়ে আইন-শৃঙ্খলা রক্ষার জন্য যে সমস্ত ব্যবস্থা নেয়া প্রয়োজন তা গ্রহণ করতে হবে যাতে এখানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করা যায়। প্রতিটি হলের ছাত্র যাতে তার নিজ নিজ কক্ষে অবস্থান করতে পারে এবং সন্ত্রাসকারী অথবা বহিরাগত কেউ হলে অবস্থান গ্রহণ করতে না পারে সে সম্পর্কে হল প্রশাসন সদা সতর্ক থাকবেন। প্রয়োজনবোধে হলের সাথে সংশ্লিষ্ট শিক্ষকদেরও এ বিষয়ে সহযোগিতা নেয়া যেতে পারে। প্রভোস্ট কমিটি এ সম্পর্কে সুনির্দিষ্ট প্রস্তাবমালা তৈরী করবেন এবং তা যাতে সকল হলে সমভাবে পালিত হয় সে সম্পর্কে সজাগ থাকবেন। বিশ্ববিদ্যালয় এবং হলসমূহ বন্ধ থাকাকালীন কোন হল কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে কোন ছাত্র অবস্থান করে থাকলে তাদের সম্পর্কে যথোপযুক্ত ব্যবস্থা গহেণ করার জন্য হল প্রশাসনকে দায়িত্ব দেয়া হয়। সভায় এ আশাও প্রকাশ করা হয় যে, ক্যাম্পাসে আইন-শৃংখলা পরিস্থিতির অবনতি যাতে সশস্ত্র সংঘর্ষে পর্যবসিত না হতে পারে সে সম্পর্কে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রয়োজনীয় ও সুদৃঢ় কার্যক্রম গ্রহণ করবেন।